



## কুষ্টিয়ায় ছাত্রী ধর্ষণ চেষ্টা ॥ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক গ্রেফতার

প্রকাশিত: ১৯ - মার্চ, ২০১৮ ১২:০০ এ. এম.

নিজস্ব সংবাদদাতা, কুষ্টিয়া, ১৮ মার্চ ॥ কুষ্টিয়ায় ৫ম শ্রেণীর ছাত্রীকে ধর্ষণের চেষ্টার অভিযোগে ভারপ্রাপ্ত এক প্রধান শিক্ষককে গ্রেফতার করেছে পুলিশ। ইসলামী বিশ্ববিদ্যালয় থানার বলরামপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ওই শিক্ষকের নাম সাদ্দার আলী (৪২)। রবিবার তাকে গ্রেফতার করে ইবি থানা পুলিশ।

পুলিশ জানায়, ৫ম শ্রেণীর ওই ছাত্রীর মা বলেন, তার কন্যা সন্তান স্কুলে গেলে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সাদ্দার আলী তাকে ক্লাসরুম থেকে গাইড দেয়ার প্রলোভন দেখিয়ে ডেকে প্রধান শিক্ষকের অফিসকক্ষে নিয়ে যায় এবং শিশুটির হাতে কিছু টাকা ধরিয়ে দিয়ে শ্লীলতাহানির চেষ্টা করে। এ ব্যাপারে ইবি থানার অফিসার ইনচার্জ রতন শেখ বলেন, ভিকটিম এর মা থানায় এসে অভিযোগ করলে আমি সেটি আমলে নেই। (মামলা নং ৯ তারিখ ১৭/০৩/২০১৮ ইং) এ অভিযোগের ভিত্তিতে রবিবার দুপুরে আসামিকে গ্রেফতার করে থানায় নিয়ে আসি। পরে তাকে আদালতে চালান দেয়া হয়। সাদ্দার আলী মাস্টার কুষ্টিয়ার ইবি থানার বলরামপুর গ্রামের মৃত এলেম ম-লের ছেলে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাফিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com